# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঘুমানোর সময় শয়তান যে মানুষের মাথার পশ্চাৎভাগে গিরা দেয়, সালাতুল লাইলের জন্য জাগ্রত হওয়ার মাধ্যমে সে গিরা খুলে ফেলা মুস্তাহাব

## ذِكْرُ اسْتِحْبَابِ حَلِّ عُقَدِ الشَّيْطَانِ الَّتِي عَلَى قَافِيَةِ الْمَرْءِ الْمُسْلِمِ عِنْدَ نَوْمِهِ بِانْتِبَاهِهِ لِصَلَاةِ الليل

---

আরবী

2544 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ الْعَابِدُ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ الزُّهْرِيُّ عَنْ مَالِكٍ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (يَعْقِدُ الشَّيْطَانُ عَلَى قَافِيَةِ رَأْسِ أَحَدِكُمْ إِذَا هُوَ نَامَ ثَلَاثَ عُقَدٍ يَضْرِبُ مَكَانَ كُلِّ عُقْدَةٍ: عَلَيْكَ لَيْلٌ طَوِيلٌ فَارْقُدْ فَإِنِ اسْتَيْقَظَ فَذَكَرَ اللَّهَ انْحَلَّتْ عُقْدَةٌ وَإِنْ تَوَضَّأَ انْحَلَّتْ عُقْدَةٌ وَإِنْ صَلَّى انْحَلَّتْ عُقْدَةٌ فَأَصْبَحَ نَشِيطًا طَيِّبَ النَّفْسِ وَإِلَّا أَصْبَحَ خبيث النفس كسلان)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2544 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 213).

বাংলা

২৫৪৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ ঘুমায়, তখন শয়তান তার মাথার পশ্চাৎভাগে তিনটি গিরা দেয়। প্রত্যেকটি গিরার জায়গায় সে এটা সিল মেরে দেয়, “তোমার অনেক রাত বাকী আছে। কাজেই তুমি ঘুমাও।” অতঃপর যদি সে জাগ্রত হয় এবং আল্লাহর যিকর করে, তবে একটি গিরা খুলে যায়। আর যদি সে ওযূ করে, তখন আরেকটি গিরা খুলে যায়। যদি সে সালাত আদায় করে, তখন আরেকটি গিরা খুলে যায়। ফলে সে ভাল ও প্রফুল্ল মনে সকাল করে। অন্যথায় সে খারাপ মন ও অলসতা নিয়ে সকাল করে।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৭৬; সহীহ আল বুখারী: ১১৪২; আবূ দাঊদ: ১৩০৬; মুসনাদ্ আহমাদ: ২/২৪৩; সহীহ মুসলিম: ৭৭৬; নাসাঈ: ৩/২০৩-২০৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৩১; সুনান বাইহাকী: ৩/১৫-১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন